অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে (MINNEWASKA STATE PARK PRESERVE) নতুন 6.1 মিলিয়ন মার্কিন ডলারের চলমান ভিজিটর সেন্টার নির্মাণের ঘোষণা দিয়েছেন

সম্পূর্ণ পুনঃস্থাপনের পর মিনেওয়াস্কা-তে স্মাইলি ক্যারিজ রোড (Smiley Carriage Road) পুনরায় চালু হবে

নতুন ভিজিটর সেন্টারটি নিউ ইয়র্ক পার্কস 2020 (NY Parks 2020) উদ্যোগের অধীনে মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে 28.2 মিলিয়ন মার্কিন ডলারের সরকারি-বেসরকারি বিনিয়োগের অংশ, যার মধ্যে স্টেটের অর্থায়নে আছে 21.2 মিলিয়ন মার্কিন ডলার

নতুন ভিজিটর সেন্টারের সহযোগিতাগুলো এখানে পাওয়া যাবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা দিয়েছেন যে শাওয়াঙ্গাঙ্ক রিজ এর মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে একটি নতুন 6.1 মিলিয়ন মার্কিন ডলারের ভিজিটর সেন্টারের নির্মাণকাজ চলমান আছে। ওপেন স্পেস ইনস্টিটিউটের (Open Space Institute, OSI) সঙ্গে সরকারি-বেসরকারি এই প্রকল্পে একটি নতুন 5,000 বর্গফুটের সুবিধা তৈরি করবে যা পার্কের প্রাকৃতিক ও বিনোদনমূলক বৈশিষ্ট্য সম্পর্কে দর্শনার্থীদের জানাতে সরকারি সুযোগ-সুবিধা ও শ্রেণীকক্ষের স্থান, প্রদর্শনী ও প্রোগ্রামিং তুলে ধরবে। নতুন ভিজিটর সেন্টারটি গভর্নর কুওমোর নিউ ইয়র্ক পার্কস 2020 উদ্যোগের অধীনে মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে একটি 28.2 মিলিয়ন মার্কিন ডলারের সরকারি-বেসরকারি বিনিয়োগের অংশ, যার মধ্যে স্টেটের অর্থায়নে আছে 21.2 মিলিয়ন মার্কিন ডলার।

"নিউ ইয়র্কের বিশ্বমানের পার্ক এবং বিনোদনমূলক কার্যক্রমের কেন্দ্রস্থল যা সারা পৃথিবী জুড়ে পর্যটকদের আকৃষ্ট করে," **গভর্নর কুওমো বলেন।** "এই নতুন ভিজিটর সেন্টারটি প্রতি বছর মিনেওয়াস্কা স্টেট পার্কে আসা কয়েক হাজার পর্যটককে অনেক বেশি প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও নতুন শেখার অভিজ্ঞতা দেবে, যা গোটা হাডসন উপত্যকা অঞ্চল জুড়ে পর্যটন বৃদ্ধিতে সাহায্য করবে।"

ভিজিটর সেন্টারের একটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হবে বিশ্রামকক্ষ এবং সর্বজনীন পানীয় জল, এমন আইটেম যেগুলো OSI দ্বারা পরিচালিত দর্শনার্থীদের উদ্বেগের বিষয়ে করা 2014 সালের একটি জরিপে শীর্ষে ছিল। ম্যানহাটনের 90 মিনিট উত্তরে অবস্থিত এই পার্কটি বছরে প্রায় 500,000 জন দর্শককে আকর্ষণ করে।

নিউ ইয়র্ক পার্কস 2020 উদ্যোগের 3.1 মিলিয়ন মার্কিন ডলারের অর্থায়নে এই ভিজিটর সেন্টারটি প্রাথমিকভাবে করা হচ্ছে। অংশীদারিত্বের অংশ হিসেবে, OSI এছাড়াও 2.5 মিলিয়ন মার্কিন ডলার উত্তোলন করে এবং এই প্রকল্পে চূড়ান্ত 500,000 মার্কিন ডলার উত্তোলনের জন্য একটি গণপ্রচারণা শুরু করছে। এই তহবিলগুলো ভবন নকশা, নির্মাণ, অত্যাধুনিক প্রদর্শনী এবং অন্যান্য আপগ্রেড এবং বৈশিষ্ট্যে অবদান রাখছে।

OSI এই পার্কের 4.5 মাইলের স্মাইলি ক্যারিজ রোডের পুনরুদ্ধারে নেতৃত্ব দেন যেটি হাইকার, বাইকার, ঘোড় সওয়ার এবং বিভিন্ন দেশে স্কিকারীদের একটি জনপ্রিয় গন্তব্য। বাটলার কনজার্ভেশন ফান্ড (Butler Conservation Fund) ও এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড (Environmental Protection Fund) এর সহায়তায় সম্পন্ন একটি 1.9 মিলিয়ন মার্কিন ডলারের পুনরুদ্ধার প্রকল্পের পর এই শরতে স্মাইলি ক্যারিজ রোড পুনরায় চালু হয়েছে।

স্টেটের পার্কস (State Parks)-এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "এই উন্নতিগুলি মিনেওয়াস্কাতে পরিদর্শনে আরও ভাল অভিজ্ঞতা দেবে, পার্কের যে বিনোদনমূলক সম্পদ আছে তা তুলে ধরতে সাহায্য করবে এবং এই সুন্দর প্রাকৃতিক সম্পদ উপভোগ করতে এমনকি আরো দর্শকদের আকৃষ্ট করবে।"

কিম এলিমান, OSI এর সভাপতি ও প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেন, "নতুন ভিজিটর সেন্টার এবং স্মাইলি ক্যারিজ রোড এর পুনরুদ্ধারের জন্য OSI এর অঙ্গীকার কয়েক দশক ধরে দর্শনীয় মিনেওয়াস্কা ল্যান্ডস্কেপ রক্ষা এবং এটি জনসাধারণের জন্য আরো সহজলভ্য এবং উপভোগ্য করে তোলার জন্য যে কাজ তার উপর নির্ভর করে। বছরের পর বছর ধরে আমরা গর্বের সঙ্গে 12 মাইলের বেশি ক্যারিজ রোড পুনরুদ্ধার করেছি এবং 12,000 একরের বেশি সংযোজনের মাধ্যমে পার্কের আয়তন দ্বিগুণ করেছি, যার মধ্যে স্যামস পয়েন্ট প্রিজার্ভের 2014 সালের সংযোজন অন্তর্ভুক্ত রয়েছে।"

নতুন ভিজিটর সেন্টারটি গভর্নর কুওমোর নিউ ইয়র্ক পার্কস 2020 উদ্যোগের অধীনে মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে একটি 28.2 মিলিয়ন মার্কিন ডলারের সরকারি-বেসরকারি বিনিয়োগের অংশ, যার মধ্যে স্টেটের অর্থায়নে আছে 21.2 মিলিয়ন মার্কিন ডলার। এই প্রকল্পে 21 মাইলের ক্যারিজ রোডের পুনরুজ্জীবিতকরণ, শাওয়াঙ্গাঙ্ক গেটওয়ে ক্যাম্পগ্রাউন্ড তৈরি, ট্রাফিক ব্যাকআপ দূর করতে রুট 44/55-এ মূল প্রবেশদ্বার পুনঃবিন্যাস করা, পার্কিং এলাকার উন্নতি, নতুন ওয়াকওয়ে যুক্ত করা, এলাকায় সর্বজনীন পানীয় জল ইনস্টল করা, ঝড়ের জল ও নর্দমা ব্যবস্থাপনা অবকাঠামো সংস্থাপন, আন্ডারগ্রাউন্ডিং ইউটিলিটি, ভূপ্রকৃতি, পার্ক সড়কের পুনরুজ্জীবিতকরণ, নতুন স্ব-কম্পোস্ট বিশ্রামাগার এবং অন্যান্য সাইটের উন্নতি অন্তর্ভুক্ত।

পার্ক প্রিজার্ভটি একটি 2,000 ফুটের পাথুরে পাহাড়ের ঢালের শীর্ষে অবস্থিত এবং এতে রয়েছে 35 মাইলের পাথরের ধূলিকণায় গঠিত ক্যারিজ রোড, 50 মাইলের পথ এবং চারটি আদিম "স্কাই লেকস", পাশাপাশি সাম পয়েন্ট এলাকায় বিরল বামন পিচ পাইন ইকোসিস্টেম।

সেনেটর জেন মেটজগার বলেন, "মিনেওয়াস্কা স্টেট পার্ক নিউ ইয়র্ক স্টেটের অন্যতম দর্শনীয় পার্ক এবং সাইকেল চালানো, হাইক করা এবং সাঁতার কাটার জন্য আমার প্রিয় একটি জায়গা। নতুন ভিজিটর্স সেন্টার পার্ক এবং উলস্টার কাউন্টিতে আরো বেশী সংখ্যক দর্শককে আকৃষ্ট করবে এবং এই অঞ্চলের অভাবনীয় প্রাকৃতিক সৌন্দর্য সম্পর্কে তাদের শিক্ষা দেবে, আমাদের যা কিছু আছে তার প্রশংসায় পঞ্চমুখ হয়ে এবং স্থানীয় অর্থনীতিতে আরো পর্যটন ডলার আনার মাধ্যমে। আমি খুবই আনন্দিত যে এই যোগ্য প্রকল্পে আর্থিক সাহায্য করার জন্য একটি মূলধন অনুদান প্রদান করতে পেরে এবং আমার প্রশংসা প্রকাশ করতে চাই ওপেন স্পেস ইনস্টিটিউট এবং অনেক অংশীদারদের প্রতি যারা নতুন ভিজিটর্স সেন্টারকে সম্ভব করছে।"

অ্যাসেম্বলি সদস্য কেভিন কাহিল বলেন, "মিনেওয়াস্কা স্টেট পার্ক প্রিজার্ভে আমাদের এলাকা একটি বিশ্বমানের সম্পদে ধন্য। 500,000 এর বেশি বার্ষিক অতিথি, নৈসর্গিক দৃশ্যপট তার প্রাকৃতিক সৌন্দর্যের প্রমাণ দেয় তার আইকনিক শ্বেত পাহাড়, স্কাই লেকস এবং 25 মাইলের ক্যারিজ রোডের মাধ্যমে। একটি নতুন ভিজিটর সেন্টারের নির্মাণ এবং সহবত সুবিধা এই আকর্ষণ বৃদ্ধি করবে, এটিকে দর্শনার্থী এবং বাসিন্দা উভয়ের জন্যই একটি সারাদিন অবস্থান করে একইভাবে উপভোগের গন্তব্যে পরিণত করে আমাদের প্রাকৃতিক পরিবেশকে সংরক্ষণ এবং সুরক্ষা এবং বিশেষ করে এই নতুনতম বৈশিষ্ট্যের জন্য দীর্ঘ সময় ধরে সহযোগিতা হিসেবে, আমি গর্বিত যে স্থানীয় অনেক সমর্থক, সিনেটর জেন মেটগার এবং গভর্নর কুওমোর সাথে আমাদের কমিউনিটির এই মূল্যবান সম্পদকে সমর্থন করার জন্য প্রয়োজনীয় স্টেটের অর্থায়ন নিশ্চিত করতে কাজ করায় গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ব্রায়ান মিলার বলেছেন, "মিনেওয়াস্কা স্টেট পার্কের নতুন ভিজিটর্স সেন্টার আরও বেশি দর্শক টানতে সাহায্য করবে, শাওয়াঙ্গাঙ্ক রিজ এর সৌন্দর্য অন্বেষণ ও অভিজ্ঞতা লাভ করতে। এটি উলস্টার কাউন্টির অধিবাসীদের জন্য একটি গুরুত্বপূর্ণ কমিউনিটি অ্যাসেট। এই নতুন সুবিধাদি, পুনরুদ্ধার করা ক্যারিজ রোডগুলোর পাশাপাশি, উন্নত ট্রাফিক প্রবাহ, শাওয়াঙ্গাঙ্ক গেটওয়ে ক্যাম্পগ্রাউন্ড এবং অন্যান্য অবকাঠামো তৈরি ও দৃশ্যগুলির উন্নতি নিশ্চিত করবে যে এই প্রিজার্ভটি আগামী বহু বছরের জন্য পরিবেশ-পর্যটনের একটি মূল্যবান উৎস হিসেবে থাকবে। এই সরকারি-বেসরকারি বিনিয়োগে নেতৃত্বদানের জন্য আমি গভর্নর ও ওপেন স্পেস ইনস্টিটিউটকে ধন্যবাদ জানাচ্ছি।"

আলস্টার কাউন্টির নির্বাহী প্যাট রায়ান বলেন, "মিনেওয়াস্কা স্টেট পার্কে ভিজিটরদের অভিজ্ঞতা বৃদ্ধিতে এবং পুনরুদ্ধার করতে গিয়ে যে বিস্ময়কর সমর্থন পেয়েছি তাতে আমি রোমাঞ্চিত। এই নতুন ভিজিটর সেন্টারটি উলস্টার কাউন্টির অধিবাসীদের কাছে একটি সম্পদ হবে এবং আমাদের স্থানীয় পর্যটন শিল্পকে সম্প্রসারিত করতে সাহায্য করবে, এই অঞ্চলের একটি অত্যন্ত মূল্যবান বিনোদনমূলক সম্পদ হিসেবে মিনেওয়াস্কার সুনাম অর্জন করে চলেছে। উলস্টার কাউন্টির প্রতি এবং বিনোদনের জন্য তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর অ্যান্ড্রু কুওমোকে ধন্যবাদ জানাই।"

গভর্নরের নিউ ইয়র্ক পার্কস 2020 স্টেটের পার্কগুলিকে উজ্জীবিত করার জন্য একটি বহু বছরের প্রতিশ্রুতি এবং 2019-20 কার্যনির্বাহী বাজেটে উন্নয়ন প্রকল্পের জন্য 110 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত।

স্টেট পার্কস প্রায় 250 টির বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চের স্থান এবং আরো অনেক কিছুর দেখভাল করে থাকে যেগুলোতে গত বছর রেকর্ডসংখ্যক 74 মিলিয়ন মানুষ ভ্রমণ করেছেন। এই বিনোদন এলাকাগুলোর যেকোনোটি সংক্রান্ত আরো তথ্যের জন্য কল করুন 518-474-0456 নম্বরে অথবা ভিজিট করুন www.parks.ny.gov, আমাদের সাথে সংযুক্ত হোন Facebook, অথবা আমাদের ফলো করুন Instagram এবং Twitter এ।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন